# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট।

স্মারক নং : সিশিবো/ বিদ্যা/ রেজিঃ/৬ষ্ঠ/২০২৬ /২০০ (একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত) তারিখ: ২৫ মাঘ, ১৪৩২ বঙ্গাব্দ / ৮ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ** **২০২৬ সালের ৬ষ্ঠ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের অনলাইন (e-SIF পূরণের মাধ্যমে) রেজিস্ট্রেশন প্রসঙ্গে।**

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সরকারি ও বেসরকারি নিম্নমাধ্যমিক/মাধ্যমিক বিদ্যালয় ও মাধ্যমিক শ্রেণিযুক্ত মহাবিদ্যালয়ের প্রধানগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৬ সালে ৬ষ্ঠ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের জন্য নিম্নোক্ত নির্দেশাবলী, ফি এবং সময়সূচি অনুযায়ী অনলাইনে রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পাদনের জন্য অনুরোধ করা হলো।

## নির্দেশাবলীঃ

১. জাতীয় শিক্ষানীতি ২০১০ অনুযায়ী পরীক্ষা বছরের ১ জানুয়ারী শিক্ষার্থীর ন্যূনতম বয়স ৯+ এবং ৩১ ডিসেম্বর সর্বোচ্চ ১৫ বছর; তবে বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের ক্ষেত্রে এ বয়সসীমা সর্বোচ্চ ২০ বছর। সেক্ষেত্রে প্রযোজ্য Disability option select করতে হবে;

২. সিলেট শিক্ষা বোর্ডের ওয়েব সাইটে login করে e-seba-য় ক্লিক করে প্রতিষ্ঠানের EIIN এবং পাসওয়ার্ড ব্যবহার করে Class –VI registration Entry অপশনে গিয়ে ২০২৬ সনের ৬ষ্ঠ শ্রেণির রেজিস্ট্রেশন করতে হবে;

৩. শিক্ষার্থীর তথ্যাদি তার ইংরেজি জন্ম সনদ/ পিতা-মাতার জাতীয় পরিচয়পত্র অনুযায়ী এন্টি করতে হবে;

৪. শিক্ষার্থীদের অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্নের পর শিক্ষার্থীর স্বাক্ষর করা চূড়ান্ত তালিকার প্রিন্ট আউট কপি ও ব্যাংকে টাকা জমাদানের মূলকপি (হার্ড কপি) শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে;

৫. শিক্ষা মন্ত্রণালয়ের ১৭/১২/২০২০ তারিখের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০২২.১৭.৪৩৬ মোতাবেক ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি পর্যন্ত (২০+২০+২০)=৬০ টাকা যুব রেড ক্রিসেন্ট ফি নির্ধারণ করা হয়েছে। তন্মধ্যে ৬ষ্ঠ শ্রেণিতে প্রতি শিক্ষার্থীর নিকট হতে ২০ টাকা গ্রহণ করে এর ৬০% অর্থাৎ ১২(বার) টাকা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে (আলাদা রেডক্রিসেন্ট হিসাব একাউন্টে) যুব রেড ক্রিসেন্ট কার্যক্রম পরিচালনার জন্য রেখে **অবশিষ্ট ৪০ শতাংশ অর্থাৎ ০৮(আট) টাকা শিক্ষা বোর্ডে প্রেরণ করতে হবে।**

৬. রেজিস্ট্রেশনের সময় শিক্ষার্থীর নাম, পিতা ও মাতার নামের পূর্বে মি. মিসেস. মরহুম, মেজর, কর্ণেল, বিগ্রেডিয়ার, ডাক্তার, ড. শ্রী, শ্রীমতি, পাদ্রী, ফাদার, ভিক্ষু ইত্যাদি এবং নামের শেষে পদবি ছাড়া এম এ, বি এ, এফ আর সি এস ইত্যাদি লেখা যাবে না।

৭. শিক্ষার্থীর ছবি UPLOAD করার সময় খুবই সতর্কতা অবলম্বন করতে হবে যাতে একজনের ছবির পরিবর্তে অন্য জনের ছবি UPLOAD হয়ে না যায়।

৮. বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের ক্ষেত্রে 'বিশেষ চাহিদাসম্পন্ন কি না' তা উল্লেখপূর্বক প্রমাণপত্রসহ বোর্ডে আবেদন করতে হবে;

৯.পাঠদানের অনুমতি/হালনাগাদ স্বীকৃতি নবায়ন নেই এ ধরণের কোন শিক্ষা প্রতিষ্ঠান অনলাইনে রেজিস্ট্রেশন করলে পরবর্তীতে রেজিস্ট্রেশন সংক্রান্ত বিষয়ে জটিলতা সৃষ্টি হলে প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

**১০. e-SIF পূরণ ও ফি জমাদানের তারিখ : ০৮/০২/২০২৬ হতে ১০/০৩/২০২৬ তারিখের মধ্যে;**

১১. নিশ্চায়নের (finalization) তারিখ: ১৫/০৩/২০২৬ খ্রি.

**জনপ্রতি রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি নিম্নরূপ:**

| রেজিস্ট্রেশন ফি (টাকায়) | রেডক্রিসেন্ট ফি (টাকায়) | মোট ফি (টাকায়) |
|---|---|---|
| ৬০/- | ৮/- | ৬৮/- |

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

(মোহাম্মদ মঈনুল ইসলাম) ০৮.০২.২০২৬
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।
sylschoolsection.@gmail.com

CamScanner